



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;

সূত্র নং-প্রকা/ক্রেডিট/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/

তারিখঃ ৩১/০৮/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহ (সিএমএসএমই) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। অন্যান্য উন্নয়নশীল দেশের ন্যায় বাংলাদেশেও সিএমএসএমই খাতের বিকাশ ও উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশকে কর্মসংস্থানমুখী ও শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিণত করার ক্ষেত্রে সিএমএসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশের সিএমএসএমই খাতে নিয়োজিত উদ্যোক্তাদের মাঝে সহজশর্তে অর্থ প্রাপ্তির লক্ষ্যে সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে/মুনাফায় ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে। উল্লেখিত স্কিম বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মূলে জারিকৃত, যা অত্র বিভাগের সার্কুলার লেটার নং- ১৩২(১২৫০), তারিখঃ ২১/০৭/২০২২ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০২। আবর্তনশীল এ স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে মোট ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকা ঋণ/বিনিয়োগ বিতরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	বিভাগের নাম	সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা
০১.	ঢাকা	৮৬.০০
০২.	ময়মনসিংহ	৫০.০০
০৩.	চট্টগ্রাম	৩৭.০০
০৪.	খুলনা	২৭.০০
০৫.	বরিশাল	১৯.০০
০৬.	সিলেট	২৪.০০
০৭.	কুমিল্লা	৫৭.০০
০৮.	ফরিদপুর	৩৩.০০
০৯.	কুষ্টিয়া	৩৯.০০
১০.	এলপিও	৮.০০
মোট=		৩৮০.০০

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার বিগত বছরসমূহে সিএমএসএমই ঋণস্থিতি, এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরীখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক আগামী ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগে ইমেইল এর মাধ্যমে প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচিত হবেঃ

- বিগত বছরসমূহে সিএমএসএমই ঋণস্থিতি, এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরীখে লক্ষ্যমাত্রা বন্টন করতে হবে।
- এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর আলোকে সংজ্ঞায়িত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণকে প্রদত্ত মেয়াদী ঋণসমূহ এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবে;
- ক্লাস্টারভুক্ত সিএমএসএমই উদ্যোক্তাগণকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করতে হবে। এতদ্ব্যতীত নারী উদ্যোক্তা, বিশেষ চাহিদাসম্পন্ন উদ্যোক্তা এবং যে কোন দুর্যোগে (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ অগ্রাধিকার ভিত্তিতে এ স্কিমের আওতায় ঋণ সুবিধা পাবে;
- এ স্কিমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৭৫(পঁচাত্তর) শতাংশ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে সামগ্রিকভাবে বিতরণ করতে হবে এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) শতাংশ মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা যাবে;
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এ স্কিমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ উৎপাদন ও সেবা খাতে এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করতে হবে।

চলমান পাতা-০২


বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

০৪। এই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি “সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম” নামে অবহিত হবে এবং স্কিমটির জন্য বরাদ্দকৃত হিসাব উপখাত ১০২/৩৪ (সিএমএসএমই পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মেয়াদী ঋণ), ১৩১/১৮৪ (সিএমএসএমই পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মেয়াদী ঋণের সুদ প্রভিশন) ও ৪৬/১৩৪ (সিএমএসএমই পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মেয়াদী ঋণের সুদ আয়) এর মাধ্যমে পরিচালিত হবে। দৈনিক ভিত্তিতে বিতরণকৃত ঋণের তথ্যাদি ব্যাংকের ওয়েব পোর্টালে লিপিবদ্ধ করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন পাওয়ার লক্ষ্যে পূর্ববর্তী মাসের বিতরণকৃত ঋণ/বিনিয়োগের তথ্যাদি পোর্টালের সাথে মিল রেখে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক (সংযোজনী-খ) মোতাবেক ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে। বিবরণীর সাথে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রকৃত ঋণ বিতরণের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে (সংযোজনী-ক)। এছাড়াও এতদসংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনও বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক (সংযোজনী-গ) মোতাবেক প্রতি ত্রৈমাস অস্ত্রে এর অব্যবহিত ০৭ (সাত) দিনের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, মাসিক পুনঃঅর্থায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত বিবরণীসমূহ একীভূতকরণপূর্বক বিভাগীয় কার্যালয় হতে ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে।

০৫। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ যথাযথভাবে পরিপালন ও ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণ, আদায় ও সদ্যবহার সংক্রান্ত বিষয়াদি তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে ০৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি মনিটরিং টিম গঠনপূর্বক তাদের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ০১/০৯/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে। অনুরূপভাবে আঞ্চলিক পর্যায়ে মনিটরিং টিম গঠনপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়কে অবহিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিবরণী নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত স্কিমের ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-


স্বাক্ষরীয় বিশ্বস্ত

 (মোহাম্মদ মঈনুল হোসেন)
 উপমহাব্যবস্থাপক
 ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯

সূত্র নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ৫৭৯ (১২৫০)

তারিখঃ ৩১/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


 ৩১/০৮/২০২২
 (মুহাম্মদ মোশাররফ হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

তারিখ:

প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে বরাদ্দকৃত ৩৮০.০০ কোটি টাকার বিপরীতে/২০২২ মাসে ৭% সুদে বিতরণকৃত টি ঋণের পুনঃঅর্থায়ন বাবদ/- (.....) টাকা মাত্র বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে ২৪/০৮/২০২২ তারিখে সম্পাদিত Participation Agreement এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রকৃত ঋণ গ্রহীতাদেরই এ ঋণ প্রদান করা হয়েছে।

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

মোবাইলঃ

Mac

Al

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়,

“সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম” এর আওতায়
পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নামঃ		ঋণ/বিনিয়োগ ও পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য													মন্তব্য (যদি থাকে)
অর্থায়ন সময়কালঃ		ঋণ/বিনিয়োগ গ্রহীতা/উদ্যোগের বিবরণ													
ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	মানব সম্পদ	প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা	প্রতিষ্ঠানের প্রধান কার্যক্রম	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য	প্রতিষ্ঠানের প্রধান উদ্দেশ্য
১	১	১	১	১	১	১	১	১	১	১	১	১	১	১	১
২	২	২	২	২	২	২	২	২	২	২	২	২	২	২	২
৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩
৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪
৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫
৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬
৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭
৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮
৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯
১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়,

“সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন ফ্রিম” এর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নামঃ
সময়কাল/ত্রৈমাসঃ মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর, ২০....

ক্রমিক ক নং	ঋণ/বিনিয়োগ খাত	চলতি ত্রৈমাসে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ	চলতি বছরের শুরু হতে চলতি ত্রৈমাস পর্যন্ত সিএমএসএমই খাতে বিতরণকৃত পুঞ্জীভূত ঋণ/বিনিয়োগ				রিপোর্টিং ত্রৈমাস পর্যন্ত ঋণের আওতায় মোট বিতরণকৃত পুঞ্জীভূত ঋণ				ঋণের আওতায় রিপোর্টিং ত্রৈমাস পর্যন্ত বিতরণকৃত ঋণের স্থিতি (ঘাহক পর্যায়ে)		রিপোর্টিং ত্রৈমাস পর্যন্ত ঋণের আওতায় অগ্রাধিকার প্রাপ্ত খাতে মোট বিতরণকৃত পুঞ্জীভূত ঋণ			
			পরিমাণ	উদ্যোক্তার সংখ্যা		পরিমাণ	উদ্যোক্তার সংখ্যা		পরিমাণ	ক্লাস্টারভুক্ত উদ্যোক্তা	নারী উদ্যোক্তা	বিশেষ চাহিদা সম্পন্ন উদ্যোক্তা	দুর্যোগে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা			
				পুরুষ	নারী		পুরুষ	নারী								
১	উৎপাদনশীল															
২	সেবা															
৩	ব্যবসা															
৪	কুটির															
৫	মাইক্রো															
৬	ক্ষুদ্র															
৭	মাঝারি															

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ
ই-মেইলঃ

প্রতিবেদন অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ
পদবীঃ
মোবাইলঃ
ই-মেইলঃ

৫৬

১৫৫